



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/15/2020

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

দ্য ট্রুথ অ্যাবাউট ইনস্যুরেন্স এর নতুন গবেষণায় COVID-19 এর বিরুদ্ধে লড়াইয়ে নিউ ইয়র্ককে সবচেয়ে দায়িত্বশীল স্টেট হিসাবে স্বীকৃতি দেওয়া সম্পর্কে গভর্নর অ্যাঙ্কু এম. কুওমোর বিবৃতি।

"গত 137 দিন নিউ ইয়র্কের জন্য নরক ছিল যেহেতু আমরা এই মহামারীর কেন্দ্রস্থল ছিলাম। যাইহোক, নিউ ইয়র্কবাসীরা একতাবদ্ধ ছিল, দায়িত্বশীল আচরণ করেছে এবং- যেহেতু এই জাতির অন্য অনেক স্টেট এখন এই জঘন্য ভাইরাসের নতুন বৃদ্ধির সাথে লড়াই করেছে- আপাতত এই স্টেটে ভাইরাসটিকে নিয়ন্ত্রণে আনা হয়েছে। দ্য ট্রুথ অ্যাবাউট ইনস্যুরেন্স এর একটি নতুন [গবেষণায়](#) নিউ ইয়র্ক কে COVID-19 এর বিরুদ্ধে লড়াইয়ে সবচেয়ে দায়িত্বশীল স্টেট হিসেবে উল্লেখ করা হয়েছে। আমরা এই লড়াইকে চালিত করার জন্য এবং আমাদের পুনরায় খোলার কৌশলকে ইন্ধন জোগানোর জন্য তথ্য এবং বিজ্ঞান ব্যবহার করেছি, কিন্তু কোন ভুল করবেন না, এই সম্মানে প্রত্যেক নিউ ইয়র্কবাসীর ভাগ রয়েছে যারা গত মাসে সঠিক কাজটি করেছেন, রাজনীতিকে উপেক্ষা করেছেন, সামাজিক দূরত্ব বজায় রেখেছেন এবং মাস্ক পরেছেন।

একসাথে, আমরা এই ভয়ানক পাহাড়ে উঠে অন্য পাশে নেমে এসেছি, কিন্তু আমরা এখন থামতে পারি না। আমাদের অবশ্যই শৃঙ্খলাবদ্ধ থাকতে হবে এবং আমাদের অবশ্যই নিউ ইয়র্কের মত দৃঢ় থাকতে হবে। আমরা যেখানে ছিলাম সেখানে ফিরে যাওয়া সম্ভব নয়, আমরা অনেক দূর এসেছি।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)